



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/টাঙ্গাইল-১২৯/

৬০২৯/৬

তারিখঃ ২৬/০৬/২০১৮খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/টাঙ্গাইল-১২৯/২৮৮৪/৪; তারিখঃ ১৫/০৪/২০১৮খ্রিঃ  
২) স্মারক নং-০৫.৩০.৯৩০০.০০০.১৮.২৪.২০১৮-৩০৯; তারিখঃ ২৮/০২/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার ঘাটাইল উপজেলাধীন পেচার আটা মাটি আটা দাখিল মাদ্রাসায় দীর্ঘদিন যাবৎ ম্যানেজিং কমিটি না থাকা ও অফিস সহকারী জনাব মোহাম্মদ আলী জিন্নাহ ওরফে চুন্সু মিয়ান বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে উপজেলা নির্বাহী অফিসার, ঘাটাইল, টাঙ্গাইল সূত্রে উল্লিখিত ১নং স্মারকে অত্র বোর্ডে একটি পত্র প্রেরণ করেন। প্রেরিত পত্র পর্যালোচনায় দেখা যায়, দীর্ঘদিন যাবৎ ম্যানেজিং কমিটি না থাকায় প্রতিষ্ঠান পরিচালনায় অসুবিধা হচ্ছে। এছাড়া অফিস সহকারী জনাব মোহাম্মদ আলী জিন্নাহ ওরফে চুন্সু মিয়া কর্তৃক মাদ্রাসার স্বার্থ পরিপন্থি কাজে লিপ্ত থাকায় শিক্ষা কার্যক্রম ব্যহত হচ্ছে (কপি সংযুক্ত)।

পরবর্তীতে আনীত অভিযোগের প্রেক্ষিতে কেন অফিস সহকারী জনাব মোহাম্মদ আলী জিন্নাহ ওরফে চুন্সু মিয়ান বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হবে না তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য জনাব মোহাম্মদ আলী জিন্নাহ ওরফে চুন্সু মিয়াকে এবং নিয়মিত কমিটি গঠন না করা ও তৎপরবর্তীতে এডহক কমিটি গঠনে ব্যর্থতার বিষয়ে সুনির্দিষ্ট ও স্পষ্ট লিখিত জবাব দাখিল করাসহ এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে অনলাইনে আবেদন করার জন্য সুপারকে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে পত্র দেয়া হয় (কপি সংযুক্ত)। পত্রের প্রেক্ষিতে সুপার জবাব দাখিল করেছেন যা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় উল্লিখিত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

মোঃ মজিবুর রহমান

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)  
ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ

কুমুদিনি সরকারি কলেজ, টাংগাইল।

নং-বামাশিবো/প্রশাসন/টাঙ্গাইল-১২৯/

তারিখঃ ১০/৬/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ঘাটাইল, টাঙ্গাইল।
২. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
৩. জনাব মোহাম্মদ আলী জিন্নাহ ওরফে চুন্সু মিয়া, পেচার আটা মাটি আটা দাখিল মাদ্রাসা, ঘাটাইল, টাঙ্গাইল।
৪. সুপার, পেচার আটা মাটি আটা দাখিল মাদ্রাসা, ঘাটাইল, টাঙ্গাইল।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪